বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.biwta.gov.bd
নৌ-পথ শাখা, নৌ-সওপ বিভাগ
----

**নম্বর:** ১৮.১১.০০০০.০০০.৩৮২.৪৫.০০০৬.২২.১৫

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

বিষয়: **বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০১/২০২৬ইং**

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের আওতায় আশুলিয়া সেতু অপসারণের প্রস্তুতি হিসেবে সেতুর ভাটিতে নদীর উভয় পাশে পাইল স্থাপন ও স্টেজিং নির্মাণ কাজ চলমান রয়েছে। একই সঙ্গে নির্মাণ কাজে ব্যবহৃত ড্রেজার ও অন্যান্য কর্মযান নৌপথের নিকটে অবস্থান করায় নৌযান চলাচলের কার্যকর চ্যানেলটি অস্বাভাবিকভাবে সংকীর্ণ ও বাঁকযুক্ত হয়ে পড়েছে। ফলশ্রুতিতে উক্ত নৌপথে চলমান বিভিন্ন নৌযান, বিশেষ করে তেলবাহী ট্যাংকারসহ বড় ও ভারী নৌযান নিরাপদে মোড় নেওয়া এবং উক্ত স্থান অতিক্রম করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। সংকীর্ণ চ্যানেলে স্রোতের গতি ও চাপ বৃদ্ধি, দৃষ্টিসীমা হ্রাস, পাইল/স্টেজিং অথবা নির্মাণযানের সঙ্গে সংঘর্ষ এবং নৌযানের নিয়ন্ত্রণ হারানোর আশঙ্কা রয়েছে।

এমতাবস্থায়, আশুলিয়া সেতু অপসারণের পর নৌপথ সম্পূর্ণভাবে সচল না হওয়া পর্যন্ত উক্ত নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে কর্তৃপক্ষের পাইলট নিয়ে অধিকতর সতর্কতার সহিত চলাচল করার জন্য অনুরোধ করা হলো।

- **নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।**
- **দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।**
- **প্রাকৃতিক দুর্যোগপূর্ণ আবহাওয়ার আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে বিশেষ সতর্কতা (বাতি জ্বালানো, Fog Signal ও Bell বাজানো) অবলম্বন করুন।**

২৬-০৭-২০২৬
মোঃ শাহজাহান
পরিচালক(নৌ-সওপ)

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৩। প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ঢাকা।।
৪। ডিআইজি, নৌ-পুলিশের কার্যালয়, মিরপুর-১, ঢাকা।।
৫। প্রধান প্রকৌশলী (ড্রেজিং), প্রধান প্রকৌশলী (ড্রেজিং বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
৬। পরিচালক(বন্দর ও পরিবহন), পরিচালক (বন্দর ও পরিবহন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
৭। পরিচালক(নৌ-নিঃ ট্রাঃ), পরিচালক (নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
৮। পরিচালক (আইসিটি) (ভারপ্রাপ্ত), পরিচালক (আইসিটি বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে)।

৯। জেলা প্রশাসক, ঢাকা জেলা।।
১০। যুগ্ম-পরিচালক(নৌ-সওপ), নৌ-সওপ বিভাগ, সদরঘাট, ঢাকা।।
১১। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ও শ্রমকল্যাণ শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতর্কীকর ণ বিজ্ঞপ্তিটি ৪টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাত্রী পরিবহন) সংস্থা, ১৪, পুরানা পল্টন (৪র্থ তলা), ঢাকা-১০০০।।
১৩। সহকারী পরিচালক (সমন্বয় কর্মকতা), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
১৪। সভাপতি, বাংলাদেশ কোষ্টার ওনার্স এসোসিয়েশন, ৪৭/৪, টয়েনবী, সার্কুলার রোড, ঢাকা।।
১৫। সভাপতি, অভ্যন্তরীন নৌ-পরিবহন মালিক গ্রুপ (কার্গো/বার্জ মালিক সমিতি), ১৫/৫ বিজয় নগর, আকরাম টাওয়ার, ৬ষ্ট তলা, ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ বাল্কহেড ট্রলার মালিক সমিতি, পাগলা বাজার, ফতুল্লা, নারায়নগঞ্জ।
১৭। সভাপতি, বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, বাঅনৌপক টার্মিনাল বিল্ডিং, সদরঘাট, ঢাকা।।
১৮। সভাপতি, বাংলাদেশ ভৈলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান প্লাজা (৫ম তলা) ২৫-২৭, কাজি নজরুল ইসলাম এ ভিনিউ, বাংলা মটর, ঢাকা।
১৯। সভাপতি, সভাপতি, বাংলাদেশ লঞ্চ লেবার এসোসিয়েশন, ৩১/৩২, পি.কে.রায় রোড, বাংলাবাজার ঢাকা-১১০০।
২০। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
২১। ব্যক্তিগত সহকারী, পরিচালক (নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ ।